নির্বাচন বোর্ড কার্যালয়

বায়রা নির্বাচন ২০১৮- ২০২০

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

নির্বাচন/ বায়রা/ ২০৫/২০১৮/৩

তারিখ: ২২.০৩.২০১৮ খ্রি.

বায়রা নির্বাচন বোর্ড : ২০১৮-২০২০ BAIRA *

বিজ্ঞপ্তি

২০১৮-২০২০ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির নির্বাচনের জন্য নির্বাচন তফসিল

এতদ্বারা বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বায়রার সংশোধিত সংঘবিধির অনুচ্ছেদ ২৬ ও ২৯ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ অনুযায়ী ২০১৮-২০২০ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির ২ (দুই) বছরের জন্য ২৭ (সাতাশ) জন সদস্য পদে নির্বাচন আগামী ২৪.০৬.২০১৮ খ্রি. রবিবার অনুষ্ঠিত হবে।

বায়রার যে সকল সম্মানিত সদস্য ২০১৭ সনের সদস্যপদ নবায়ন করেননি তাঁদেরকে আগামী ২২.০৪.২০১৮ খ্রি. রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সদস্যপদ নবায়ন করে নির্বাচনে ভোটার হওয়া এবং সম্মানিত ভোটারদের পরিচয়পত্র তৈরীর জন্য সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি আগামী ২৪.০৪.২০১৮ খ্রি. মঙ্গলবার, বিকেল ৫.০০ টার মধ্যে কার্যালয়ে জমা দিতে অনুরোধ জানান হলো।

ইতিপূর্বে নির্বাচন উপলক্ষ্যে বায়রা কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র আসন্ন নির্বাচনে গ্রহণযোগ্য নয়।

নির্বাচন তফসিল এতদসঙ্গে প্রেরণ করা হলো। নির্বাচন তফসিল মোতাবেক নির্বাচনে অংশগ্রহণ করে সুষ্ঠুভাবে নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য সম্মানিত ভোটারগণের সহযোগিতা কামনা করা হলো।

(আবুল কালাম আজাদ)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০

(মোহাম্মদ আনিসুর রহমান)
চেয়ারম্যান
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০

(মাজহারুল ইসলাম)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০

সংলগ্নী: ২০১৮-২০২০ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির নির্বাচন তফসিল

নির্বাচন বোর্ড কার্যালয়

বায়রা নির্বাচন ২০১৮- ২০২০

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

বায়রা নির্বাচন বোর্ড : ২০১৮-২০২০

২০১৮-২০২০ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির

নির্বাচন তফসিল

ক্রমিক	কার্যক্রম	তারিখ ও সময়
১.	বায়রার নবাগত সদস্যদের নির্বাচনে অংশ গ্রহণের যোগ্যতা	২২ ফেব্রুয়ারী ২০১৮ খ্রি. বৃহস্পতিবার বা তদপূর্বে সদস্যপদ লাভ করা
২.	বায়রার সদস্যপদ নবায়নের সর্বশেষ তারিখ	২২ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার বা তদপূর্বের যে কোন তারিখ (২০১৭ সালের নবায়ন)
৩.	বায়রা নোটিশ বোর্ডে প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ	৩ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার বিকেল ৫.০০ টা
৪.	প্রাথমিক ভোটার তালিকার উপর আপীল বোর্ডের নিকট আপত্তি উত্থাপন	৯ মে ২০১৮ খ্রি. বুধবার বিকেল ৫.০০ টা
৫.	আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার উপর প্রাপ্ত আপত্তির শুনানীর সুযোগ দিয়ে আপত্তি/আপত্তিসমূহ নিস্পত্তি করতঃ তাঁদের সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করা	১৩ মে ২০১৮ খ্রি. রবিবার বিকেল ৫.০০ টা
৬.	বায়রা নোটিশ বোর্ডে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	১৬ মে ২০১৮ খ্রি. বুধবার বিকেল ৫.০০ টা
৭.	ভোটারদের পরিচিতি পত্র তৈরীর জন্যে নির্বাচন বোর্ড কার্যালয়ে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ প্রস্থ রঙ্গীন ছবি জমা প্রদান	২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, বিকাল ৫.০০ টা
৮.	নির্বাচন কার্যপ্রণালী ও আচরন বিধি এবং মনোনয়ন পত্র বিতরণের তারিখ	১৭ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার সকাল ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা
৯.	নির্বাচনে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন পত্র দাখিল	২০ মে ২০১৮ খ্রি. রবিবার বিকাল ৫.০০ টা
১০.	নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়ন পত্র বাছাই এবং বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ	২১ - ২২ মে ২০১৮ খ্রি. সোমবার - মঙ্গলবার বিকাল ৫.০০ টা
১১.	মনোনয়ন পত্র বাতিলের বিরুদ্ধে আপীল বোর্ডে আপত্তি উত্থাপন	২৩ মে ২০১৮ খ্রি. বুধবার বিকাল ৫.০০ টা

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নির্বাচন বোর্ড কার্যালয়

বায়রা নির্বাচন ২০১৮- ২০২০

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

ক্রমিক	কার্যক্রম	তারিখ ও সময়
১২.	আপীল বোর্ড কর্তৃক প্রাপ্ত আপত্তির শুনানীর সুযোগ দিয়ে আপত্তিসমূহ নিস্পত্তি করতঃ তাঁদের সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করা	২৬ মে ২০১৮ খ্রি. শনিবার বিকাল ৫.০০ টা
১৩.	বায়রা নোটিশ বোর্ডে নির্বাচনের জন্য বৈধ মনোনীত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ	২৮ মে ২০১৮ খ্রি. সোমবার বিকাল ৫.০০ টা
১৪.	প্রার্থীতা প্রত্যাহারের তারিখ	৩০ মে ২০১৮ খ্রি. বুধবার বিকাল ৫.০০ টা
১৫.	প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ	২ জুন ২০১৮ খ্রি. শনিবার বিকাল ৫.০০ টা
১৬.	নির্বাচন বোর্ড কার্যালয় হতে ভোটারদের পরিচয়পত্র সংগ্রহ	১০ - ১৩ জুন ২০১৮ খ্রি. রবিবার- বুধবার বিকাল ৫.০০ টা
১৭.	ভোট কেন্দ্র– বায়রা ভবন (১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০) এ ভোট গ্রহণ	২৪ জুন ২০১৮ খ্রি. রবিবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা
১৮.	ভোট গণনা, ফলাফল প্রকাশ এবং সর্বোচ্চ ভোট প্রাপ্ত ২৭ জন প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করা	ভোট গ্রহণের পরপরই গণনা শুরু হবে এবং গণনা শেষ হওয়া মাত্রই নির্বাচিত প্রার্থীদের নাম ঘোষণা করা হবে
১৯.	নির্বাচিত সদস্যদের মধ্য হতে নির্বাহী কর্মকর্তাদের (Office Bearers) নির্বাচন অনুষ্ঠান	২৫ জুন ২০১৮ খ্রি. সোমবার বিকাল ৫.০০ টা
২০.	উক্ত নির্বাচনের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষের আপীল বোর্ডে আপত্তি উত্থাপন	২৮ জুন ২০১৮ খ্রি. বৃহস্পতিবার বিকাল ৫.০০ টা
২১.	আপীল বোর্ড কর্তৃক প্রাপ্ত আপত্তির শুনানীর সুযোগ দিয়ে আপত্তিসমূহ নিস্পত্তি করতঃ তাঁদের সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করা	২ জুলাই ২০১৮ খ্রি. সোমবার বিকাল ৫.০০ টা

(আবুল কালাম আজাদ)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০

(মোহাম্মদ আনিসুর রহমান)
চেয়ারম্যান
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০

(মাজহারুল ইসলাম)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড: ২০১৮-২০২০